

স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২২১৫৬

তারিখঃ ২০ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ  
০৪ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

প্রজেক্ট অফিসার  
হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট  
১২০/৩ দারুস সালাম  
মিরপুর, ঢাকা-১২১৬।  
ফোন-৯০১৪৯৯৫।

QF-PRJ-06

**বিষয়ঃ লোড ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধি।**

- সূত্রঃ (১) আবেদন নথি নং- ৩৯৫ (আগারগাঁও), এসই(পিএন্ডডি)- ৭৬৫, তাং-১২/০৮/২০২১ ইং।  
(২) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২১.৭৩৭, তাং- ০২/০৯/২০২১ খ্রিঃ।  
(৩) ০৬/০৯/২০২১ তারিখের পে-অর্ডার নং-৪০৩৯৯৪০ (সোনালী ব্যাংক লিঃ), টাকা = ১৪,৯০০/-  
(৪) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২১.৭৬৪, তারিখ-০৯/০৯/২১ খ্রিঃ  
(৫) স্মারক নং-২৭.২৪.০০০০.০৩৩.৩১.০০১.২২.৫৯৮, তারিখ-১৭/০৮/২২ খ্রিঃ  
(৬) ৩০/০৮/২২ তারিখের পে-অর্ডার নং-১৮৫৮২১৭ (ইস্টার্ন ব্যাংক লিঃ), টাকা = ৩৫,৭৬০/-  
(৭) ৩০/০৮/২২ তারিখের পে-অর্ডার নং-১৮৫৮২১৮ (ইস্টার্ন ব্যাংক লিঃ), টাকা = ৫,৩৬৪/-


বর্ণিত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, 'হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট', ১২০/৩ দারুস সালাম, মিরপুর, ঢাকা স্থাপনার জন্য বিদ্যমান ৪৪ কিঃওঃ লোডের অতিরিক্ত ৫৯৬ কিঃওঃ লোড বৃদ্ধি করে অর্থাৎ সর্বমোট (৪৪+৫৯৬)= ৬৪০ (ছয়শত চল্লিশ) কিঃওঃ লোড ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধির আবেদনের প্রেক্ষিতে ডিসেম্বর-২০২২ খ্রিঃ পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী ছাড়পত্রের মেয়াদ বর্ধিত করা হলোঃ-

**শর্তসমূহঃ**

- ভবিষ্যতে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদন করা হলে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে আবেদিত লোড সংকুলান হলে সরকারী নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে আবেদনের ক্রমঅনুসারে নিয়ম মোতাবেক সংযোগের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং কোন নতুন অবকাঠামো নির্মাণের প্রয়োজন হলে তা ডিপোজিট স্কিমের আওতায় বাস্তবায়ন প্রয়োজ্য হবে।
- বিদ্যুৎ চাহিদা ৮০ কিঃওঃ এর অধিক হওয়ায় নিয়মানুযায়ী ১১/০.৪ কেভি উপকেন্দ্র স্থাপন করতে হবে। উহার জন্য ট্রান্সফরমার, সুইচগিয়ার, পিএফআই প্রান্ট, নিজস্ব মিটারিং ইউনিট ইত্যাদি নিজ খরচে স্থাপন করতে হবে।
- সংযোগ গ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগ (আগারগাঁও) বরাবর আবেদন করতে হবে। স্থায়ী নতুন সংযোগ গ্রহণের পূর্বে রাজউক/সংশ্লিষ্ট সংস্থা হতে ভবনের যথাযথ ব্যবহার সনদ (Occupancy Certificat) জমা প্রদান করতে হবে।
- বিদ্যুৎ সংযোগ এর ক্ষেত্রে আন্ডার গ্রাউন্ড ক্যাবল, সুইচ গিয়ার স্থাপন, ওভার হেড লাইন নির্মাণ অথবা কোন রকম পরিবর্তনের প্রয়োজন হলে উহা ডেসকোর 'পলিসি গাইড লাইন' অনুযায়ী ডিপোজিট স্কিমের আওতায় বাস্তবায়ন করতে হবে।
- সংযোগ গ্রহণের পর ডেসকো কর্তৃক নির্ধারিত মিটারিং এর ব্যবস্থায় বিল প্রণয়ন এবং সরবরাহ করা হবে।
- সংযোগ প্রদানের ক্ষেত্রে বিদ্যুৎ এর 'মূল্য হার ও নিয়মাবলী-২০২০ ও ইহার পরবর্তী সংশোধনী' এবং অন্যান্য অনুমোদিত নীতিমালা প্রয়োজ্য হবে।
- উপকেন্দ্র চালু করার ক্ষেত্রে গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন বিভাগের বৈদ্যুতিক ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর হতে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। ইহা ছাড়াও সময়ে সময়ে জারীকৃত অন্যান্য বিধিমালা প্রয়োজ্য ক্ষেত্রে অনুসরণ করতে হবে।
- ডিপোজিট স্কিমের আওতায় কাজ সম্পাদন করা হলে, কাজ সম্পাদনের পর নির্মিত Distribution Facility ডেসকোর সম্পদ বলে গণ্য হবে এবং উক্ত Facility হতে ভবিষ্যতে অন্য গ্রাহককে সংযোগ প্রদানে প্রয়োজনীয় পরিবর্তনের অধিকার ডেসকো সংরক্ষন করে।
- উক্ত ছাড়পত্র ডিসেম্বর-২০২২ খ্রিঃ পর্যন্ত কার্যকর থাকবে।

ডেসকোর সার্বিক কার্যক্রমে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

  
(প্রকৌঃ মোঃ আর্শেদুল ইসলাম)  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।

**অনুলিপি (সদয় অবগতির জন্য)ঃ**

- প্রধান প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আগারগাঁও সার্কেল, ডেসকো।
- নিবাহী প্রকৌশলী, বিওবি বিভাগ (আগারগাঁও)।
- অফিস কপি।